# ইউএন-কপস সম্মেলনে যোগ দিতে নিউইয়র্ক যাচ্ছেন স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

জাতিসংঘের সদর দপ্তরে অনুষ্ঠিতব্য পঞ্চম ইউএন চিফস অব পুলিশ সামিট (ইউএন-কপস)-এ অংশ নিতে যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক সফরে যাচ্ছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। দুই দিনব্যাপী এ সম্মেলনে তিনি বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দেবেন।

৭ ও ৮ জুলাই অনুষ্ঠিতব্য সম্মেলনের উদ্বোধনী অধিবেশন ছাড়াও বিভিন্ন প্লেনারি সেশনে অংশ নেওয়ার কথা রয়েছে তার। এবারের আলোচনায় জাতিসংঘ পুলিশের ভবিষ্যৎ কার্যক্রম, শান্তিরক্ষা মিশনে উদ্ভাবনী প্রযুক্তির ব্যবহার এবং আন্তঃদেশীয় নিরাপত্তা চ্যালেঞ্জ মোকাবিলায় আন্তর্জাতিক সহযোগিতা জোরদারের বিষয়গুলো গুরুত্ব পাবে।

সফরের অংশ হিসেবে সম্মেলনের সাইডলাইন বৈঠক ও উচ্চপর্যায়ের নৈশভোজেও অংশ নেবেন স্বরাষ্ট্রমন্ত্রী।

নিউইয়র্কে অবস্থানকালে জাতিসংঘের অপারেশনাল সাপোর্টবিষয়ক আন্ডার সেক্রেটারি জেনারেল অতুল খারে, শান্তিরক্ষা কার্যক্রমবিষয়ক আন্ডার সেক্রেটারি জেনারেল জ্যঁ-পিয়েরে লাক্রোয়া এবং রাজনৈতিক ও শান্তি প্রতিষ্ঠাবিষয়ক আন্ডার সেক্রেটারি জেনারেল রোজমেরি এ. ডিকার্লোর সঙ্গে তার পৃথক বৈঠক হওয়ার কথা রয়েছে।

এ ছাড়া বিভিন্ন দেশের স্বরাষ্ট্রমন্ত্রী ও উচ্চপর্যায়ের প্রতিনিধিদের সঙ্গেও দ্বিপাক্ষিক বৈঠক করবেন তিনি। এসব বৈঠকে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশের ভূমিকা, বাংলাদেশ পুলিশের সক্ষমতা বৃদ্ধি, বিশেষায়িত ইউনিট মোতায়েন এবং পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে মতবিনিময় হবে।

পাঁচ সদস্যের বাংলাদেশ প্রতিনিধি দলের নেতৃত্বে শনিবার (৫ জুলাই) রাত ১টা ৪০ মিনিটে এমিরেটস এয়ারলাইন্সের একটি ফ্লাইটে ঢাকার হযরত শাহজালাল (র.) আন্তর্জাতিক বিমানবন্দর থেকে নিউইয়র্কের উদ্দেশে রওনা হওয়ার কথা রয়েছে স্বরাষ্ট্রমন্ত্রীর। সফর শেষে আগামী ১২ জুলাই দেশে ফেরার কথা রয়েছে।